

সাউথ ব্রংক্স লিটারেসি অ্যাকাডেমি (SBLA) ফ্যামিলি রিসোর্স গাইড

সাউথ ব্রংক্স লিটারেসি অ্যাকাডেমি

SBLA ব্রংক্সে অবস্থিত একটি স্বতন্ত্র স্কুল যা বিশেষভাবে তৈরি করা হয়েছে এসব শিক্ষার্থীর জন্য যারা পড়তে শেখায় সমস্যার মুখোমুখি এবং ডিসলেক্সিয়া এবং ভাষা-ভিত্তিক শিক্ষণ সমস্যার ঝুঁকিতে আছে। ইন্টারন্যাশনাল ডিসলেক্সিয়া অ্যাসোসিয়েশনের সুপারিশের সাথে সামঞ্জস্য বিধান করে, SBLA কাঠামোগত সাক্ষরতার কঠোর ক্লাসরুম শিক্ষানির্দেশনা প্রদান করে - যা ভিত্তিমূলক দক্ষতা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সাক্ষরতার অনেক খোলামেলা, পদ্ধতিগত এবং বহু-ইন্দ্রিয় শিক্ষকতার সমন্বয়, এর মধ্যে আছে শব্দ-ভাণ্ডার, পড়ে বোঝা, এবং লেখা। এছাড়া, SBLA সামাজিক আবেগজনিত শিক্ষণ এবং নির্বাহী ক্রিয়াশীলতা দক্ষতা গড়ে তোলার সহায়তায় ধারাবাহিক এবং উদ্দেশ্যপূর্ণ অনুশীলনী মিশিয়ে দেবে যা এমন ভাষা-ভিত্তিক শিক্ষণ সমস্যায়ুক্ত শিক্ষার্থীদের চাহিদা পূরণ করে।

স্কুলটিতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ এবং [লিটারেসি অ্যাকাডেমি কালেক্টিভ](#) নামের ডিসলেক্সিয়ায়ুক্ত শিক্ষার্থীদের পিতামাতা দ্বারা প্রতিষ্ঠিত একটি অলাভজনক প্রতিষ্ঠানের অংশীদারত্ব রয়েছে।

এনরোলমেন্ট

2023-24 শিক্ষা বছরের জন্য, SBLA দ্বিতীয় এবং তৃতীয় গ্রেডের শিক্ষার্থীদের আসন প্রদান করবে। এরপর থেকে প্রতি বছর, স্কুলটি একটি করে গ্রেড বৃদ্ধি করবে যে পর্যন্ত না এটি 2-8 গ্রেডের স্কুলে পরিণত হয়।

2023-24 স্কুল বছরের জন্য বর্তমানে প্রথম এবং দ্বিতীয় (1st এবং 2nd) গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতাকে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। সকল শিক্ষার্থীকে স্কুলে ভর্তির জন্য যোগ্যতা নির্ণয়ে রিডিংয়ে মূল্যায়ন করা হবে। নিচে উল্লিখিত শিক্ষার্থীদের SBLA-এ ভর্তির জন্য আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

- বর্তমান প্রথম এবং দ্বিতীয় (1st এবং 2nd) গ্রেডের যেকোনো শিক্ষার্থী যার পর্যাপ্ত রিডিং-এ অগ্রগতির জন্য সবসময় সমস্যা মোকাবেলা করতে হচ্ছে; অথবা
- যেকোনো বর্তমান প্রথম অথবা দ্বিতীয় (1st অথবা 2nd) গ্রেডের শিক্ষার্থী যাকে নিওরোসাইকোলজিক্যাল/নিউরোসাইকোএডুকেশন্যাল বা সাইকোলজিক্যাল/সাইকোএডুকেশনাল মূল্যায়নে প্রাতিষ্ঠানিক ডিসলেক্সিয়া আছে বলে শনাক্ত করা হয়েছে।

উভয় সাধারণ শিক্ষা এবং ইনডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP)-যুক্ত শিক্ষার্থীদের আবেদনে উৎসাহিত করা হচ্ছে।

শিক্ষানির্দেশনার মডেল

SBLA একটি সাক্ষরতা-ভিত্তিক স্কুল যা ভিত্তিমূলক রিডিং দক্ষতা শিক্ষা দিতে প্রতিদিনের, পদ্ধতিগত, খোলামেলা এবং বহু-ইন্দ্রিয় সম্পৃক্ত একটি সুসংগঠিত সাক্ষরতা প্রক্রিয়া বিদ্যায়তনিক ব্যর্থতা প্রতিরোধক (প্রিভেনটিভ অ্যাকাডেমিক ফেইলিওর - PAF) ব্যবহার করে, প্রতিদিন কমপক্ষে 90-মিনিটের ক্ষুদ্র দলগত শিক্ষানির্দেশনার জন্য নিবেদিত হয়। একইভাবে গণিতও অনুক্রমিক এবং পদ্ধতিগত, যা শিক্ষার্থীদের ধারণাগত জ্ঞান এবং সংখ্যার ধারণা গড়ে তোলার সহায়তায় সামঞ্জস্যপূর্ণ মডেল ব্যবহার করে। সায়েন্স এবং সোশ্যাল স্টাডিজ পাঠ্য বিষয়বস্তুর মাধ্যমে লিখা (রাইটিং) শেখানো হয়। কথ্য ভাষার অগ্রগতি এবং শব্দভাণ্ডারের শিক্ষানির্দেশনা দিনব্যাপী অন্তর্লীন থাকে। এইসব স্কুলব্যাপী ভাষা সহায়তা ছাড়াও, SBLA সামাজিক-আবেগজনিত শিক্ষণ (SEL) এবং নির্বাহী ক্রিয়াশীলতা (EF)-এর জন্য স্কুলব্যাপী সহায়তা প্রদান করে, এর মধ্যে আছে

খোলামেলাভাবে শিক্ষার্থী দক্ষতা, বিভিন্ন কৌশল এবং SEL এবং EF ঘিরে সাধারণ ভাষা শিক্ষাদান। তারপর এইসব অংশগুলি ভেবেচিন্তে স্কুল দিনব্যাপী অন্তর্ভুক্ত করা হয়।

SBLA -তে সকল ক্লাসরুম সাধারণ শিক্ষার শিক্ষার্থী এবং IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য সহ-শিক্ষকতার ক্লাসগুলোতে সমন্বিত করা হয়। প্রত্যেক ক্লাসরুমে দুজন পূর্ণকালীন শিক্ষক থাকবেন (একজন সাধারণ শিক্ষার এবং একজন স্পেশাল এডুকেশনের) এবং 18 জনের অধিক শিক্ষার্থী থাকবে না। এছাড়া, স্কুলটি অন-সাইটে IEP সুপারিশকৃত সম্পর্কিত পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদান করবে যার অন্তর্ভুক্ত স্পিচ এবং অক্যুপেশনাল থেরাপি এবং কাউন্সেলিং।

2023-24 স্কুল বছরের জন্য ভর্তি প্রক্রিয়া

ধাপ 1) এখনই আবেদন করুন! বর্তমান প্রথম এবং দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীগণ 3টি উপায়ের যেকোনো একটির মাধ্যমে আবেদন করতে পারে:

1. অনলাইনে www.MySchools.nyc-এর মাধ্যমে
2. একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#)-এ গিয়ে।
3. 311 নম্বরে ফোন করে

ধাপ 2) ভর্তির লটারির জন্য যোগ্যতা নির্ধারণ

1. প্রাতিষ্ঠানিক ডিসলেক্সিয়া নির্ণিত শিক্ষার্থীগণ আপনাপনি লটারির জন্য যোগ্য।
2. সকল অন্য শিক্ষার্থীকে প্রথম বিবেচনা করা হবে তাদের অ্যাকাডিয়েন্স বেঞ্চমার্ক (পড়ায় ঝুঁকির স্তর)-এর ভিত্তিতে এবং তারপর তাদের স্কোর অনুযায়ী তাদের বাড়তি মূল্যায়নের জন্যও ডাকা হতে পারে।
 - a. যেসব শিক্ষার্থীর অ্যাকাডিয়েন্স বেঞ্চমার্ক 16তম পার্সেনটাইলের সমান বা নিচে তাদেরকে বাড়তি মূল্যায়নের জন্য আমন্ত্রণ জানানো হবে।
 - b. যেসব শিক্ষার্থী অ্যাকাডিয়েন্স বেঞ্চমার্ক 16তম পার্সেনটাইল উপরে স্কোর করে তাদের প্রাথমিকভাবে বাড়তি মূল্যায়নের জন্য আমন্ত্রণ জানানো হবে না কিন্তু আসন লভ্যতা সাপেক্ষে অপেক্ষা-তালিকায় রাখা হতে পারে।
 - c. বাড়তি মূল্যায়নের জন্য যেসব শিক্ষার্থীকে আমন্ত্রণ জানানো হয় তারা একজন স্কুল-ভিত্তিক সাইকোলজিস্টের সাথে সশরীরে 1:1 মূল্যায়নের জন্য দেখা করবে। শিক্ষার্থীরা ভর্তির লটারির যোগ্যতা নির্ধারণের জন্য শব্দের অর্থ উদ্ধার, সিউডোওয়ার্ড (অর্থহীন কথা) পাঠ এবং বানান করার সাথে সংশ্লিষ্ট পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ধাপ 3) সেপ্টেম্বর 2023-এর জন্য SBLA-তে ভর্তির অফার

সকল যোগ্য আবেদনকারীকে ভর্তির লটারিতে অন্তর্ভুক্ত করা হবে। জুন-এ ভর্তির প্রস্তাবের চিঠি পাঠানো হবে।

অনুসন্ধান:

সাউথ ব্রংক্স লিটারেসি অ্যাকাডেমি সম্পর্কে আরও জানতে আমাদের [ওয়েবপেজ](#) দেখুন অথবা স্কুল প্রোগ্রাম ডিরেক্টরে বেথানি পুলম্যান (Bethany Poolman)- এর সাথে bpoolman@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।